

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
www.bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।
তারিখ : ১৩.০২.২০২০
সময় : সকাল ১১.০০ টা
স্থান : বিএমডির সভা কক্ষ।
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনার লক্ষ্যে বিএমডির ইনোভেশন কমিটির সভাপতি জনাব মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক এর সভাপতিত্বে বিএমডির সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।


২.০ আলোচনা :

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে এবং জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়নে উদ্ভাবন চর্চায় গুরুত্বারোপ করা হয়েছে। এ লক্ষ্যে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি ছাড়া বিকল্প নেই। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ মাহফুজুর রহমান বলেন যে, বিএমডির ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত ৪ টি উদ্ভাবনী পরিকল্পনার মধ্যে মাননীয় সুপ্রিমকোর্ট ও হাইকোর্ট বিভাগে দায়েরকৃত বিএমডি সংক্রান্ত মামলাসমূহের সার্চ লিস্ট সেবা ইতোমধ্যে চালু করা হয়েছে, পেনশন সেবা সহজিকরণ করা হয়েছে এবং বিএমডির দপ্তর প্রধান (মহাপরিচালক) ও পরিচালকের কক্ষে বর্তমান ও প্রাক্তন মহাপরিচালক ও পরিচালকগণের নাম ও কার্যকাল সম্পর্কিত অনার বোর্ড স্থাপন করা হয়েছে। সভায় খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট উদ্ভাবনী পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০ সিদ্ধান্ত :

- (১) ২০১৯-২০২০ অর্থবছরের অবশিষ্ট উদ্ভাবনী পরিকল্পনা যথাসময়ে বাস্তবায়ন;
- (২) বিবিধ আলোচনা।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৩.০২.২০২০
মোঃ মামুনুর রশীদ
সভাপতি, ইনোভেশন কমিটি
ও
উপপরিচালক
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২.০০০ (২১)

তারিখ: ৩০ মাঘ ১৪২৬
২৬ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দূ.আ.-চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);
- ২। কর্মকর্তা/কর্মচারী (সকল)..... বিএমডি, ঢাকা;
- ৩। সংশ্লিষ্ট নথি।


১৬.০২.২০২০
মোঃ মামুনুর রশীদ
উপপরিচালক